একাকীর সালাত অপেক্ষা জামা‘আতের সালাত সাতাশ গুণ উত্তম।

আব্দুল্লাহ ইবনে উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফু হিসেবে বর্ণিত, “একাকীর
সালাত অপেক্ষা জামা‘আতের সালাত সাতাশ গুণ উত্তম।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসটিতে একা সালাত আদায়ের ওপর জামা‘আতে সালাত আদায়ের ফযীলত বর্ণনা করা হয়েছে। কেননা, জামা‘আতের সালাত অনেক উপকারিতা ও মহান কল্যাণের কারণে একা সালাতের ওপর সাতাশ গুণ সাওয়াব বেশি রাখে। কারণ, উদ্দেশ্য হাসিল ও কল্যাণ সাধনে দুটি আমলের মাঝখানে রয়েছে বিশাল ব্যবধান। যে ব্যক্তি এত বড় লাভকে নষ্ট করবে সে অবশ্যই বঞ্চিত।

http://sunnah.global/hadeeth/bn/show/3441